

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ০৩ বছর মেয়াদী ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির সময় বৃদ্ধি সংক্রান্ত নোটিশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর অধীন সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকায় ২০১৭-২০১৮ শিক্ষাসেশনে ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির জন্য অনুষ্ঠিত ৩০/১০/২০১৭ (১ম বার) ও ১০/১২/২০১৭ তারিখ (২য় বার) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী উত্তীর্ণ হয়ে এখনো ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারেনি সে সকল শিক্ষার্থী আগামী ২৩/১২/২০১৭ তারিখ থেকে ০৩/০১/২০১৮ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারবে।

উল্লেখ্য, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে কিংবা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি এবং নতুন ভর্তিচ্ছু ছাত্ররা আগামী ২৩/১২/২০১৭ তারিখ থেকে ০৩/০১/২০১৮ তারিখের মধ্যে মাদরাসা অফিস থেকে প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করে চূড়ান্ত ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে পারবে।

বিঃদ্র : ভর্তির শেষ তারিখ : ০৩/০১/২০১৮ খ্রি.।

আবেদনের নিয়মাবলী :

ক) ২০১৬ ও ২০১৭ সালে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় উত্তীর্ণরা আবেদন করতে পারবে।

খ) আলিম পরীক্ষায় নূন্যতম জিপিএ ২.০০ থাকতে হবে।

গ) আবেদনের সাথে দাখিল ও আলিম পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসা পত্রের ফটোকপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রংঙ্গিন ছবি সংযুক্ত করতে হবে।

ভর্তির নিয়মাবলী:

- ০১। যে সকল পরীক্ষার্থী ৩০/১২/২০১৭ ও ১০/১২/২০১৭ তারিখ অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, তারা আগামী ২৩/১২/২০১৭ তারিখ থেকে ০৩/০১/২০১৮ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে পারবে।
- ০২। অফিস খোলা থাকার দিন প্রত্যহ সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ১.০০ ঘটিকা পর্যন্ত ভর্তির কার্যক্রম অনুষ্ঠিত হবে।
- ০৩। ১০৭ নং কক্ষ থেকে চূড়ান্ত ভর্তির ফরম সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে ফরম পূরণ করে ভর্তি কমিটি সদস্যের সুপারিশসহ অধ্যক্ষ মহোদয়ের চূড়ান্ত অনুমোদন নিয়ে ক্যাশিয়ারের নিকট ভর্তি ফি ও ফরম জমা দিতে হবে।
- ০৪। ২০১৬ সালে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় উত্তীর্ণদের নির্ধারিত শিক্ষা বিরতি ফি দিতে হবে।
- ০৫। ২০১৬/২০১৭ সালে আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণ ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
- ০৬। ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে:
ক) দাখিল ও আলিম পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।
খ) টুপি পরিহিত পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ও স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রংঙ্গিন ছবি।
- ০৭। পরবর্তীতে নিজ হাতে রেজিস্ট্রেশন কার্ড পূরণ করতে হবে। রেজিস্ট্রেশন কার্ড পূরণের তারিখ ক্লাসে ও নোটিশ বোর্ডে জানানো হবে।
- ০৮। আগামী ২৫/০১/২০১৮ ইং তারিখ থেকে ১ম বর্ষের ক্লাস শুরু হবে।
- ০৯। ১ম বর্ষের ভর্তির যাবতীয় ফি-এর পরিমাণ ক্যাশিয়ার-এর নিকট থেকে জানা যাবে।
- ১০। ভর্তি ফরমে নিজস্ব মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
- ১১। ভর্তি ফরমে বিষয়সমূহের বিষয় কোড লিখতে হবে। পরবর্তীতে বিষয় কোড পরিবর্তন করা যাবে না।

বিস্তারিত তথ্য নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

ওয়েবসাইট : www.dhkgovmalia.edu.bd

বিঃদ্র: ভর্তি ফরমে ফাঁকা জায়গায় লিখতে হবে “ভর্তি হওয়ার পর আমি মাদরাসা পরিবর্তনের জন্য আবেদন করবো না”।

প্রফেসর সিরাজ উদ্দিন আহম্মাদ
আইডি নং-০০৯৪৯০

অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

প্রফেসর সিরাজ উদ্দিন আহম্মাদ

অধ্যক্ষ

সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।